# বিতর্কিতদের বহিষ্কারে তাড়া নেই ছাত্রলীগের

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক ●**
নির্ধারিত সময় পেরিয়ে গেলেও ছাত্রলীগের পূর্ণাঙ্গ কমিটি থেকে বিতর্কিতদের বাদ দেওয়ার ঘোষণা আসেনি। বিতর্কিতদের বাদ দিতে গত বুধবার ২৪ ঘণ্টা সময় বেঁধে দিয়েছিলেন সংগঠনটির কেন্দ্রীয় সভাপতি ও সাধারণ সম্পাদক। তারা প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশে ধানমণ্ডিতে আওয়ামী লীগ সভানেত্রীর রাজনৈতিক কার্যালয়ে সংবাদ সম্মেলন করে ১৭ জনের নাম প্রকাশ করেন এবং পরবর্তী ২৪ ঘণ্টার মধ্যে নির্দোষ প্রমাণিত করতে না পারলে তাদের বহিষ্কার করা হবে বলে জানান। বেঁধে দেওয়া ওই সময়সীমা পেরিয়ে গেলেও কোনো ব্যবস্থা নেওয়া হয়নি।

ছাত্রলীগের সাধারণ সম্পাদক গোলাম রাব্বানী এ বিষয়ে বলেন, 'নিরপরাধ' কারও প্রতি যেন 'অবিচার' না হয়, সেজন্য বহিষ্কারের সিদ্ধান্ত নিতে সময় নিচ্ছেন তারা। বুধবার রাতে সংবাদ ■ এরপর পৃষ্ঠা ৬, কলাম ১

শেয়ার | পরের অংশ




